

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/৯৪

তারিখঃ ২৫/০৪/২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়ঃ অফশোর ব্যাংকিং ইউনিটের আমানতের মুনাফা প্রাপ্তি ও ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে কর অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং ১০০-আইন/আয়কর-২৯/২০২৪, তারিখঃ ২২/০৪/২০২৪।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের ডলার সরবরাহ বৃদ্ধি ও বৈদেশিক বিনিয়োগকে উৎসাহিত করার লক্ষ্যে, জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত এস.আর.ও জারীর মাধ্যমে অফশোর ব্যাংকিং ইউনিটের আমানতের বিপরীতে মুনাফা প্রাপ্তি ও গৃহীত ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত এস.আর.ও এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/২২ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১০০-আইন/আয়কর-২৯/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, অফসোর ব্যাংকিং আইন, ২০২৪ (২০২৪ সনের ০২ নং আইন) এর অধীন পরিচালিত অফসোর ব্যাংকিং ইউনিট হইতে কোনো আমানতকারী বা বাংলাদেশে অনিবাসী ঋণদাতা কর্তৃক গৃহীত সুদ বা মুনাফাকে কর পরিশোধ হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭৫৬১)

মূল্য : টাকা ৪.০০